



শ্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৯৯

তারিখ: ২১ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার / শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেক্ট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র কর্তৃক 'মাদরাসায় শিক্ষার পরিবেশ' শীর্ষক সেমিনার এর আয়োজন।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র কর্তৃক 'মাদরাসায় শিক্ষার পরিবেশ' শীর্ষক সেমিনার এর আয়োজন করা হচ্ছে। সকল ১০টায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়াম সেন্টারে এ আয়োজন করা হচ্ছে। উক্ত সেমিনারে কী-নোট স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: নজরুল ইসলাম খান, কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর ও সাবেক শিক্ষাসচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহর সভাপতিত্বে আলোচক হিসেবে সেমিনারে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ এবং বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, জনাব এস. এম. এহসান কবীর। এছাড়াও সেমিনারে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং প্রাথমিক পাঠদানপ্রাঙ্গ সকল ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল মাদরাসার অধ্যক্ষবৃন্দ অংশগ্রহণ করেন। জনাব মো: নজরুল ইসলাম খান তাঁর বক্তব্যে মাদরাসা শিক্ষার উন্নয়নে বর্তমান সরকারের ভূমিকার কথা উল্লেখ করে বলেন, মাদরাসা শিক্ষা ব্যবস্থার আধুনিকায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। তবে ইসলামিক শিক্ষা ব্যবস্থার অগ্রগতিতে মূল্য ভূমিকা রাখতে হবে মাদরাসার শিক্ষকদেরই। এ ক্ষেত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আজকের এই 'মাদরাসায় শিক্ষার পরিবেশ' শীর্ষক সেমিনার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও আশা ব্যক্ত করেন তিনি। এসময় মাদরাসায় শিক্ষার্থীদের পাঠদানে আধুনিক ও মননশীল হওয়ার বিষয়ে উপস্থিত অধ্যক্ষদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর এর কিউরেটর ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক এই শিক্ষাসচিব। এসময় সেমিনারে আমন্ত্রিত অধ্যক্ষদের মধ্য থেকেও অনেকে সংশ্লিষ্ট বক্তব্য রাখেন। পরে, সেমিনারে উপস্থিত সকল অতিথিরা ধানমন্ডি ৩২ এ অবস্থিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করে পুষ্প স্তবক অর্পণ করেন।

উপাচার্যের অনুমোদনক্রমে

২৩০৩/২১০৩/২০২২

(জনাব মো. রেজাউল হক)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়